ISSN 2250-3595

# RESEARCH JOURNAL OF RADHAMADHAB COLLEGE

Volume - VI, Issue-XI

*Peer Reviewed Journal*

**Editor : Dr. Surjyasen Deb**

*Published by :*

RESEARCH & PUBLICATION CELL
Radhamadhab College
NAAC Accredited (2nd Cycle)
Silchar - 788006 (Assam)
2021

Research Journal of Radhamadhab College Volume-VI Issue - XI

Published by Research and Publication Cell, Radhamadhab College, Silchar
Printed at NICETY GRAPHICS, Silchar-788006

*Peer Reviewed Journal*

**EDITOR :**
**Dr. Surjyasen Deb**

**RESEARCH AND PUBLICATION CELL :**
1. Sudarshan Gupta (Co-ordinator)
2. Arup Paul (Member)
3. Gouri Sankar Dhar (Member)

**PRINTED AT :**
*Nicety Graphics*
*Silchar-788 006*

**PRICE :** 150.00

*The opinion expressed by our contributors are their own and do not necessarily reflect the official views of Radhamadhab College, Silchar.*

## Members of the Advisory Board

1. Professor Tanmoy Bhattacharjee, Former Professor and Dean, Deptt. of Political Science, Assam University, Silchar
   **Contact No.** 9163264685, 9435371933

2. Professor Projit Kumar Palit, Deptt. of History, Assam University, Silchar
   **Contact No.** 7002966873, **Email:** projitkumarpalit@gmail.com

3. Professor Niranjan Roy, Dean, Deptt. of Economics, Assam University, Silchar, **Contact No.** 9435074619
   **Email:** royniranjan3@gmail.com

4. Professor Sebak Jana, Deptt. of Economics, Vidyasagar University, Midnapore, West Bengal
   **Contact No.** 9434653435 **Email:** sebakjana@yahoo.co.in

5. Professor K.H. Tomba Singh, Deptt. of Commerce, Manipur University, Imphal
   **Contact No.** 9436894427, **Email:** kctomba@gmail.com

6. Professor Joyati Bhattacharjee, Deptt. of Political Science, Assam University, Silchar
   **Contact No.** 9101953506, **Email:** joyati09@gmail.com

7. Dr. Brojesh Kumar, Associate Professor, Deptt. of Commerce, Assam University, Silchar
   **Contact No.** 9435522611 **Email:** bpjc08@gmail.com

8. Prof. Manoj Kumar Sinha, Dean, Swami Vivekananda School of Literary Sciences & Head of the Deptt., Assam University, Silchar, **Email** - mksinha1965@gmail.com

9. Dr. Amalendu Bhattacharjee Former Head, Deptt. of Bengali, Gurucharan College, Silchar
**Contact No.** 9435503081 **Email:** amalendubhatt@gmail.com

10. Dr. Pranoy Ranjan Deb, Former Principal Radhamadhab College, Silchar, **Contact No.** 9435070675

# *Contributors*

1. **Dr. Arundhati Dutta Choudhury,** Associate Professor & Head, Department of English, Radhamadhab College, Silchar
2. **Dr. Sonali Choudhury,** Librarian, Radhamadhab College, Silchar.
3. **Dr. Mufidur Rahaman,** Assistant Professor & Head, Department of Political Science, Govt. Model College, Borkhola, Cachar.
4. **Smt. Swarnali Roychoudhury,** Assistant Professor, Department of Philosophy, Radhamadhab College, Silchar.
5. **Sri Samir Goswami,** Research Scholar, Assam University, Silchar.
6. **Ms. Jayashree Das,** Research Scholar, Assam University, Silchar.
7. **Ch. Mani Kumar Singha,** Assistant Professor & Head, Department of Manipuri, Radhamadhab College, Silchar.
8. **Dr. Sastri Ram Kahari,** Assistant Professor, Dept. of Economics, Sipajhar College, Darrang, Assam
9. **Dr. Santosh Borah**, Assistant Professor & Head, Department of Education, Radhamadhab College, Silchar.
10. **Dr. Ramakanta Das**, Associate Professor, Department of Bengali, Assam University, Silchar.
11. **Dr. Banobrata Aditya**, Assistant Professor, Department of Bengali, Swami Vivekananda College, Chandkhira, Karimganj
12. **Dr. Amitava Goswami**, Assistant Professor, Deartment of Bengali, Maibang College, Maibang, Dima Hasao
13. **Sucharita Chowdhury**, Asstt. Professor, Department of Bengali, Cachar College, Silchar

14. **Mamata Chakraborty**, Assistant Professor, Department of Bengali, Nehru College, Pailapool

15 **Dr. Runa Paul**, Assistant Professor, Department of Bengali, West Silchar College, Barjatrapur, Cachar.

16. **Dr. Santosh Akura**, Assistant Professor, Department of Bengali, Swami Vivekananda College, Chandkhira, Karimganj

17. **Dr. Surjyasen Deb**, Assistant Professor, Department of Bengali, Radhamadhab College, Silchar

18. **Rupali Barman**, Ph.D. Research Scholar, Department of Bengali, Assam Uiversity, Silchar

19. **Dr. Swati Deb Roy**, Assistant Professor, Department of Bengali, Silchar College, Silchar

20. **Dr. Mousana Nath**, Assistant Teacher, SSA, Assam

21. **Nayan Dey**, Ph.D. Research Scholar, Department of Bengali, Assam University, Silchar

22. **Sri Ujjal Karmakar**, Student, Indian Comparative Literature, Department of Bengali, Assam University, Silchar

## *Contents*


Pages

*Editorial*

- Grassroot Administration and Female Identity 1
  ✍ **DR. ARUNDHATI DUTTA CHOUDHURY**
- Globalization and its Impact on Libraries 9
  ✍ **DR. SONALI CHOUDHURY**
- Effectiveness of Welfare Measures and Assam Assembly Election (2016) 17
  ✍ **DR. MOFIDUR RAHMAN**
- Global Warming as an Epiphenomenon of Scientism: A Dig into Transhumanism and its Moral Evaluation 26
  ✍ **SWARNALI ROY CHOUDHURY**
- Spread and Extent of Entrepreneurship among College going Students of Silchar 35
  ✍ **SAMEER GOSWAMI & JAYASHREE DAS**
- A Contrastive Analysis of Manipuri and Bengali Syllable Structure 49
  ✍ **CH. MANI KUMAR SINGHA**
- Occupational Distributions of Bodos: A Case Study of the Udalguri District (Assam) 55
  ✍ **DR. SASTRI RAM KAHARI**
- Impact of Mass Media on Students' Academic: A Study 64
  ✍ **DR. SANTOSH BORAH**
- সুরমা-বরাক উপত্যকার ধামাইল গান : একটি সমীক্ষা 70
  ✍ **ড. রমাকান্ত দাস**

- বরাক উপত্যকার প্রচলিত প্রবাদ প্রবচনে রাজনৈতিক ও অর্থনৈতিক জীবন : একটি সমীক্ষা 88
  ✍ ড. বানব্রত আদিত্য
- রবীন্দ্র ছোটগল্প : সাধারণ মানুষের জীবনালেখ্য 95
  ✍ ড. অমিতাভ গোস্বামী
- বিমল মিত্রের 'মধ্যেখানে নদী' উপন্যাস : প্রসঙ্গ দেশভাগ 103
  ✍ ড. সুচরিতা চৌধুরী
- বৃক্ষতলে অবিনাশী মেঘ 107
  ✍ মমতা চক্রবর্তী
- ঈশানের পুঞ্জমেঘ : দুই কবি ও তাঁদের কবিতা 111
  ✍ ড. রুণা পাল
- বরাক উপত্যকার চা-জনজাতি - সংস্কৃতি : নারীর ভূমিকা 120
  ✍ ড. সন্তোষ আকুড়া
- লোককথা : নীতিশিক্ষা ও মূল্যবোধের আলোকে 132
  ✍ ড. সূর্যসেন দেব
- তিলোত্তমা মজুমদারের 'চাঁদের গায়ে চাঁদ': সমাজ উপেক্ষিত নারীর সমকামিতা 137
  ✍ রূপালী বর্মন
- মহাশ্বেতা দেবী: আদিবাসী অন্ত্যজ শ্রেণির মানুষের প্রতিবাদের এক অপরাজেয় মুখ 145
  ✍ ড. স্বাতী দেবরায়
- বরাক উপত্যকা লোককথায় মন্ত্র ও জাদু বাস্তবতা : একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন 149
  ✍ ড. মৌসোনা নাথ
- সাহিত্য যখন প্রতিবাদের মাধ্যম হয়ে ওঠে : প্রসঙ্গ ঝুমুর পাণ্ডের গল্প 159
  ✍ নয়ন দে
- বরাক উপত্যকার লোক সংস্কৃতির অন্বেষণে পানিভরা অঞ্চলের কুমার সম্প্রদায়ের ভূমিকা 172
  ✍ উজ্জ্বল কর্মকার


# *Editorial*

Jibananada Das said in his poem, 'The world's deepest affliction is now'. Indeed, the world is currently going through a terrible time. Today the world stands at a deep crisis, rare in human civilization. However, we believe that this difficult time will pass one day. The world will move forward in its normal course again. So, we must move forward in search of light, peach and happiness. We must forward, overcoming all obstacles. Even in the face of many adverse situations, we can move forward if we maintain determination, perseverance and a positive mindset. Adversity tests our courage and mental fortitude, and to pass this test, we must believe in ourselves. If we remain steadfast in our goals and continue to work hard, any adversity can be overcome.

It is a matter of great pleasure for us that we have been able to publish the XIth issue of 'Research Journal of Radhamadhab College' for the session 2021 despite various obstacles. And this has been possible only because of all the contributors. In the last few years the journal has been offering multi-disciplinary articles concerning various issues of academic interest and this has been the continuous endeavour of the publication cell to promote and propagate such articles of academic excellence. In this issue 21 (Twenty one) papers have been selected for publication after going through the due process of peer review. All the articles have been reviewed by experts in relevant areas. I wholeheartedly appreciate the efforts of the members of the peer review team.

I am profoundly indebted to all my cell members and contributors who have responded positively to this collective academic effort. I heartily thank the members of advisory committee for their co-operation and support at different levels of editorial works. I on behalf of Research and Publication Cell would like to express my sincere gratitude to the Governing Body of the College for providing financial grant to meet the expense for the smooth publication. I also acknowledge the sincere efforts of the Principal of the College, IQAC Coordinator, My esteem colleagues of teaching and non-teaching fraternity for their suggestion and cooperation. I extend

# বরাক উপত্যকার চা-জনজাতি - সংস্কৃতি : নারীর ভূমিকা

ড. সন্তোষ আকুড়া

সামাজিক পরিচয়ের বিচারে বরাক উপত্যকার চা-জনজাতি নারীরা পরিলক্ষিত নিম্নবিত্ত পিছিয়ে পড়া জাতি হিসেবেই চিহ্নিত। নারীর স্থানের ধারণা আধুনিক মননের সৃষ্টি । নারীর কোলেই বেঁধে থাকে জীবন । নারী-শক্তিরাগিনী, অন্যান্য পার্থিব জীবন প্রবাহের উৎস, আদি-অনাদি অনন্ত বিভূষিতা । এই নারীজাতি কিন্তু যুগে যুগে লাঞ্ছিত। আমাদের মহাকাব্য দুটিকে প্রাপ্ত সীতা ও দ্রৌপদী চরিত্র দু'টি এর বাস্তব দৃষ্টান্ত। নারী মমতাময়ী, জীবনধাত্রী, জননী, নিপুণা গৃহিণী, ভগ্নি, কন্যা ইত্যাদি বিভিন্ন নামে সম্বোধিত হয়ে থাকে, কিন্তু এই নারীর প্রকৃত স্থান কী ? ভূমিকা কী ? অভাবে নারীর ভাবমূর্তি সমাজে স্থান পেয়েছে ইত্যাদি প্রশ্ন বর্তমান সময়ে বিশেষভাবে আমাদের সামনে উঠে আসে। কিন্তু চা-জনজাতি নারী কিংবা পুরো সমাজটাই যে এই ধরণের চিন্তা চেতনার ধরা-ছোঁয়ার বাইরে রয়েছে একথা হয়তো নিঃসন্দেহে বলা যায়।

বর্তমান সময়ে শ্রেণি-বিভাজন জনিত রূপটি সমাজে বিশেষভাবে প্রকটিত। কিন্তু নানাবিধ সামাজিক সমস্যা থাকলেও কিন্তু বাস্তব জীবনে বছরের বিভিন্ন সময় বিভিন্নভাবে পালিত হতে দেখা যায় বিভিন্ন অনুষ্ঠান লালিত হয় আমাদের সংস্কৃতি প্রধান এই সংস্কৃতি লালনে নারীরা নিয়ে থাকে মুখ্য ভূমিকা। বিভিন্ন বিশ্বাস, পূজা-পার্বণ, ব্রতকথা, লোক-উৎসব ইত্যাদিতে পালিত অনুষ্ঠানে লোক জীবনে আচার-আচরণ চিরকাল পালিত হয়ে এসেছে এবং এই সংস্কৃতি লালনে নারীর প্রধান ভূমিকা পালন করে। সংস্কৃতির এই বিচিত্র দিকগুলি বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে বিশেষ স্বকীয় বৈশিষ্ট্যে ভরপুর। চা-জনজাতি সংস্কৃতি লালনেও তাই এই নারীদের স্বকীয় বৈশিষ্ট্যের ছাপ দেখা যায়। বিভিন্ন বিশ্বাস,আচার, জন্ম-মৃত্যু-বিবাহ ইত্যাদি কৃত্য অনুষ্ঠান, ব্রতপার্বণ, ঝুমুর, টুসু, করম, পিড়িয়া, জ্যোত্তিয়া বা জিতিয়া ইত্যাদি অনুষ্ঠান সংস্কৃতির বৈচিত্র্যকেই সূচিত করে।

চা-জনজাতি নারী 'বৃহত্তর নারী'র এক টুকরো অংশমাত্র। সার্বিক নারীদের সাথে তুলনা করলে দেখা যায় যে 'চা জনজাতি নারী' প্রথম থেকে কাজের ক্ষেত্রে কিছুটা স্বতন্ত্র। অর্থ-রোজগারের ক্ষেত্রে এবং পুরুষের প্রায় সমগোত্রীয়। ঘরোয়া কাজেই শুধু জীবন অতিবাহিত করে না; চা-উদ্যানে পাতা তুলে চা-উৎপাদনে অংশীদার হয়ে কখনও বা ইত্যাদি নানা সৃষ্টিশীল কাজে তাঁরা জড়িত। সৃষ্টিশীল এই সমস্ত জনগোষ্ঠী নারীগণ সময়ে সময়ে সংস্কৃতির সম্ভারেও মনোনিবেশ করে। পরিবেশন করে নানা গীত-নৃত্য, পালন করে চলে বিভিন্ন বিশ্বাস, মেনে চলে বিভিন্ন সংস্কার,



উদ্‌যাপন করে ঝুমুর করম, পিড়িয়া, ছট, জ্যোত্তিয়া বা জিতিয়া ইত্যাদি পরব। এই সমস্ত সংস্কৃতি চর্চার ক্ষেত্রে নারীদের ভূমিকা অক্লেশে স্বীকার্য।

ভাষা যেমন কোন একটা জাতির জাতীয় জীবনের আত্ম প্রকাশের মাধ্যম এবং আত্মজীবন চরিত। লোকসংস্কৃতিও ঠিক তেমনিভাবে জাতীয় জীবনের পুরোনো কাল থেকে আত্মপ্রকাশের আত্মজীবন চরিত। সাধারণ, সহজ-সরল এই চা-জনজাতি লোকজীবনে বিশেষত নারীরা সংস্কৃতিকে উদযাপনে সদা সক্রিয়। চা-জনজাতির লোকসংস্কৃতি অনেক সময় ধর্মসম্বন্ধীয়, লোকবিশ্বাস, ব্রতপার্বণ, ছড়া, শিলোক, ধাঁধা, বিভিন্ন ধরণের সংস্কার ইত্যাদির উপরই আধারিত এবং এগুলিতে বিশেষত নারীদের ভূমিকা শীর্ষস্থানীয়।

**চা-জনজাতি নারীদের 'ফুলপাতা' :**

'ফুলপাতা' চা-জনজাতি নারীদের এমনকি পুরুষদেরও সংস্কৃতি চর্চার একটি প্রধান চিহ্নস্বরূপ। সমনাম বিশিষ্ট দুই নারীর সঙ্গে কখনও বা খুব অন্তরঙ্গ বান্ধবীর সাথে নদীতে প্রবেশ করে গলাজল অবস্থায় দাঁড়িয়ে গঙ্গাকে বা সেই নদীকে (যে নদীতে ঢুকে গলাজলে দাঁড়িয়ে থাকতে হয়, সেই নদীকে গঙ্গানদী কল্পনা করে) সাক্ষী করে ফুল-ফুলিন পাতানোর একটি 'রেওয়াজ' চা-জনজাতি কুমারী নারীদের মধ্যে নানা বিধি ব্যবহারে পালিত হতে দেখা যায়।

আমৃত্যু 'ফুল-ফুলিন' হয়ে থাকার শর্ত, আমাদের ভগ্নিত্ববোধের কথাকে স্মরণ করিয়ে দেয়। তবে বর্তমান সময়ে এধরণের প্রথা বিশেষ-একটা দেখা যায় না। 'ফুল-পাতানোর' সময় পরিবেশিত হওয়া একটি গান হলো -

'মাগো হাসি ফুলপাতাবো
ফুল্‌কে হাসি কি দিব ?
করিমগঞ্জের ডবল শিশি
ফুলকে ফুলন তেল দিব।'[১]

**শিলোক ও ছড়া : চা-জনজাতি নারী :**

শিলোক ও ছড়া চর্চাতেও চা-জনজাতি নারীরা পিছিয়ে নেই। প্রজ্বলিতে সামাজিক কিংবা পারিবারিক বাস্তবতার কিছু চিত্র ফুটে উঠতে দেখা যায়।

শিলোকগুলির মধ্য দিয়ে শিক্ষামূলক বাণী প্রচারিত হতে দেখা যায়। জীবনের বাস্তবিক অভিজ্ঞতার রূপটি এখানে স্পষ্ট হতে দেখা যায়। ভালো মন্দের বোধ করিয়ে দেওয়ার ক্ষেত্রে পরিবারের বয়স্কদের ভূমিকা সহজেই গ্রহণীয়। পরিবারের বৃদ্ধ, বৃদ্ধা কিংবা মাতৃস্থানীয় কোন নারী তাদের ছেলে মেয়েদের (বিশেষত মেয়েদের) শিক্ষা দানের চেষ্টা করে থাকেন। শিলোকের মধ্যে আমরা দেখি তারই চিত্র -

'ভালা সঙ্গে চলবু বেটি খইবু ওয়াগনি
খারাপ সঙ্গে চলবু বেটি কটাইবু দুনো কান।'

শিলোকের মধ্যদিয়ে গৃহস্থের কর্তা বা অনেক সময় কর্ত্রী এধরণের শিক্ষাদান বা উপদেশ বা নির্দেশমূলক উক্তিগুলি করে থাকেন।

পরিবারের কর্ত্রী যদি শক্ত না থাকে দেখা যায় পরিবারে বিশৃঙ্খলা। কর্ত্রী নারী বা 'বুড়ি' বা বৃদ্ধা যদি ঢিলে ঢালা হয় তবে সংসারে অশান্তির আনাগোনা বেড়ে যায়। তখন গৃহ কর্ত্রীর উপর দোষারোপ করা হয়ে থাকে। শিলোকে শুনতে পাওয়া যায় এজাতীয় সুর। এধরণের একটি শিলোকের স্বরূপ হল -

'পেট বিগারে মুড়ি
ঘর বিগারে বুড়ি।'[৪]

ছড়া :

চা-জনজাতি নারীরা ছড়া চর্চায়ও বিশেষভাবে সমৃদ্ধ। শিশুভোলানো ছড়াগুলি সংস্কৃতির বিশেষ পরিচায়ক। শিশুভোলানোর জন্য 'মা', কিংবা 'দাদি', 'নানি', 'মোসি', 'ফুলো'-দের মুখে শুনা যায় নানা ধরণের ছড়া। শিশুভোলানোর একটি ছড়া - এধরণের

"আয়রে ছেলাপুলারা মাছ ধরতে যাব -
মাছের কাঁটা পায়ে ঢুকলো ডোলা চাপে যা'ব,
ডোলায় আছে কামরাঙা ঘাতে ঘাতে যা'ব।।"[৫]

কিংবা

"ঘুমা নুনু ঘুমা
তোর মা গেল ঝিল -
তু মারে - ভাতে গিল।"[৬]

এই ধরণের ছেলে ভোলানো ছড়া একদিকে যেমন সংস্কৃতি চর্চার কথাকে স্মরণ করিয়ে দেয়, তেমনি সমাজ বাস্তবতা ও ইতিহাসের সাথেও আমাদের পরিচয় করিয়ে দেয়।

**চ-জনজাতি সংস্কৃতিতে বিশ্বাস ও সংস্কার :**

চ-জনজাতি লোকজীবনে লোকবিশ্বাস জনিত বহু ধরণের সংস্কার এবং এর চর্চা পরিলক্ষিত হয়। পরিবারে বয়স্কা নারীরা যে এধরণের বিশ্বাসকে পালনে সতর্কতা অবলম্বন করে থাকেন একথা বলার আর অপেক্ষা রাখে না। এই লোকজীবনে প্রচলিত ছটি বিশ্বাসের স্বরূপ উল্লেখ করা হলো -

১) বর কিংবা কন্যার গায়ে হলুদ লাগানোর পর থেকে বিবাহ কার্য সমাপ্তি পর্যন্ত কাজলকৌটা সঙ্গে রাখার নিয়ম এই জনসমাজে প্রচলিত। কোনো প্রকার ভুত-প্রেত বর না কন্যাকে স্পর্শ করতে যাতে না পারে, বা ভয়-না পায় কিংবা কেউ কোনো ধরণের যাদুমন্ত্র করতে না পারে এধরণের বিশ্বাস থেকে এ নিয়ম চা-জনজাতি জীবনে বিশেষভাবে পালিত।

২) জন্মবার বা জন্মদিন অনুসারে নাম রাখা বা শুভদিনে বা কোনো দেব-দেবীর পুজোর দিন জন্ম হলো সেই দেব-দেবীর নাম অনুসারে নামকরণ করলে জন্মজাত শিশুর শুভ হয় বা সন্তান ভালো হয় বলে একটি বিশ্বাস এ- জনসমাজে বিশেষভাবে প্রচলিত। যেমন সোমবার-এ জন্ম হলে - সমরি, সমরীয়া; মঙ্গলবার-এ জন্ম হলে মঙ্গল, মঙ্গরু, মাঙ্গরি ইত্যাদি। এছাড়া,



'শিবরাত্রি' বা অন্যকোন পুজো পার্বণের আগে ও পরে জন্ম হলে মেয়ের বেলায়-পার্বতী,শিবানী এবং ছেলের বেলায় - শিবু, মাধব, ভোলা ইত্যাদি নামকরণও করা হয়ে থাকে।

ড০ জীবেশ নায়ক মনে করেন - লোকসমাজে বিশ্বাস ও সংস্কারের মূলে রয়েছে ধর্ম। লোকবিশ্বাস ও সংস্কার সম্বন্ধে বলতে গিয়ে মতের সাপেক্ষে যুক্তি প্রদর্শনের ক্ষেত্রে লেখক কর্তৃক উদ্ধৃত ড. মযহারুল ইসলামের উক্তিটি বিশেষভাবে প্রণিধানযোগ্য বলে মনে হয়। ড. মযহারুল ইসলামের মতে - 'যে সমাজে মানুষের মানবিক চেতনার বিকাশ এখনো নিম্নস্তরে বিদ্যমান, তার যুক্তিগ্রাহ্য বিবেচনা শক্তি ক্ষীণ এবং সীমিত, সেই সমাজে লোকবিশ্বাস ও কুসংস্কারের বাড়াবাড়ি করা যায়।[৮]

চা-জনজাতি সমাজে বিশ্বাস ও সংস্কারগুলি এই লোকজীবনে যে এই বিশ্বাসগুলিকে সংস্কৃতির একটি বিশিষ্ট অঙ্গ হিসেবে নারীগণ সক্রিয়ভাবে আজও পালন করে চলেছে একথা অবশ্য স্বীকার করতে হয়।

ঝুমুর :

চা-জনজাতি সমাজ জীবনে ঝুমুর গীত ও নৃত্য একটি বিশেষ স্থান অধিকার করে আছে। ঝুমুর চা-জনজাতি সাংস্কৃতিক জীবনে প্রভাব বিস্তার করে এবং এই ঝুমুর লালনে নারীদের ভূমিকা বিশেষ করে লক্ষ্যনীয়; যা সংস্কৃতি লালনে নারীদের স্থানকেই সূচিত করে। বিবাহ, জন্ম, অবসর বিনোদন, লোক উৎসব ইত্যাদি বিভিন্ন সময়ে ঝুমুরের প্রচলন হতে দেখা যায়।

ঝুমুরের মধ্যে কখনও ফুটে উঠতে দেখা যায় এই সমাজের সামাজিক ইতিহাস, নারীর চাওয়া পাওয়া ও আনন্দ বেদনা ইত্যাদি বিভিন্ন ধরণের বিচিত্রতার সুর। তন্মধ্যে উল্লেখিত একটি ঝুমুরে আমরা দেখতে পাই 'চা-মজদুর'দের জীবন কাহিনি তথা ইতিহাসের ইঙ্গিত ঝুমুরে স্বরূপটি এধরণের -

উপর গল তুড়লি নীচে গালি বুড়লি
গামছা ভরি গাইল
উপর গলি তুড়লি নীচে গলি ফুড়লি
আগে আগে ধর পাহি .....
এহি ডুমর কোনো।[৯]

আরেকটি বহুল প্রচলিত গানে রয়েছে -

সর্দারি বলে কাম - কাম
বাবু বলে ধরি তাল ;
সাহাব বলে লিব পিঠের চাম,
হে নিঠুর শ্যাম
ফাঁকি দিয়ে আনিলি আসাম।[১০]

ঝুমুর গানে নারীদের ভূমিকা তাই সহজেই আমাদের দৃষ্টিতে ভেসে উঠে। ঝুমুর গানের

নায়িকার কথা বলতে গিয়ে 'লোকসাহিত্য পাঠ' গ্রন্থে মানস মজুমদার যথার্থই বলেছেন যে -''ঝুমুর গানের নায়িকা উক্তিতে আচরণে বিশ্বাস সংস্কারে গ্রাম বাংলার প্রভূত রমণী''[১১]

ঝুমুর গানের মধ্য দিয়ে সমাজ জীবনের চিত্রও পরিলক্ষিত হতে দেখা যায়। চা-জনজাতি জীবনে 'সাঙ্গা' দেওয়ার রীতি যে প্রচলিত ছিল তার প্রমাণ পাওয়া যায় একটি ডুমুর গানে। গানটি হলো -

ছুট্টু মুট্টু কলা গাছ
কত যতন করবো,
বলে দে গো বড়দিদি
কাকে সাঙ্গা করবো।[১২]

এই সমস্ত ঝুমুর বিভিন্ন অবসরে, বিবাহ অনুষ্ঠান, জন্ম অনুষ্ঠান ইত্যাদিতে পরিবেশিত হতে দেখা যায়। নারী ও পুরুষের দল সমবেত হয়ে এই নৃত্যে অংশ গ্রহণ করে থাকেন। টলে সারিবদ্ধভাবে একে অপররের হাতে কখনো কোমরে ধরা ধরি হয়ে ঝুমুর নাচে এবং পুরুষেরা মাঁদল বাজিয়ে করে সহযোগিতা করে।

**ব্রতপার্বণ :**

ব্রতপার্বণ উদ্‌যাপন বিভিন্ন জনগোষ্ঠীর সাংস্কৃতিক পরিচায়ন। চা-জনগোষ্ঠীগুলিও এক্ষেত্রে পিছপা নন। এক্ষেত্রে নারীদের অবদান বিশেষভাবে লক্ষণীয়। 'ব্রতঃনারীরর ভূমিকা' প্রবন্ধে ডঃ শীলা বসাক বলেছেন -

> ''নারী বড় আবেগময়ী, সে সুখে হয়ে আনন্দিত, দুঃখে ভেঙ্গে পড়ে। আবার অজানা আশঙ্কায় হয় আতঙ্কিত। এই সব নানান দুঃখ, কষ্ট ও অজানা আশঙ্কার হাত থেকে মুক্তি পাওয়ার জন্য নারীর কামনার অন্ত নেই। তাই নারীরা ব্রত অনুষ্ঠানের মধ্য দিয়ে তাদের সেই আতঙ্ক থেকে মুক্তি কিংবা সুখশান্তি লাভের সুপ্তকামনায় পরিতৃপ্তি খুঁজে পায়।''[১৩]

চা-জনজাতি নারীগণ ঠিক তেমনিভাবে নানা আশা আকাঙ্খার বশবর্তী হয়ে পালন করে বিভিন্ন ব্রত পার্বণ। জ্যোওতিয়া-বা জিতিয়া, ছট্, 'পিড়িয়া', 'করম' ইত্যাদি তার উজ্জ্বল নিদর্শন।

**জ্যোওতিয়া না জিতিয়া পূজা :**

জ্যোওতিয়া বা জিতিয়া চা-জনজাতির নারীদের পালিত একটি ব্রত। সন্তানের মঙ্গল কামনায় মায়েরা এটি পালন করে থাকেন। বিহারের উত্তর প্রদেশের বিভিন্ন স্থান থেকে আসা বরাকের চা-বাগানে বসত করা লোকেদের মধ্যে এই ব্রত পালিত হতে দেখা যায়। এমনকি শহরাঞ্চলে বসবাসকারী এই জনজাতি মায়েরাও এই পূজাটি করে থাকেন। এই পূজাটি দুর্গা পূজার পূর্বে বিশেষত দেবীর আগমণ সূচিত হওয়ার অর্থাৎ 'মহালয়া'র পূর্বে কৃষ্ণ অষ্টমী তিথিতে পালিত হয়। এই ব্রতে প্রচলিত মায়েদের মুখে উচ্চারিত গানের একটি স্বরূপ হলো -



একমনা করেলা
গঙ্গা নাহায়ে যায়িব
একমনা করেলা
শিওবা যে রহব।[১৪]

সন্তানের মঙ্গল কামনায়, সন্তান লাভের আশায়, কিংবা পরিবারের মঙ্গল কামনায় নারীদের অবদান, ব্রতপার্বনের মধ্য দিয়ে সংস্কৃতি চর্চা, নারীর মঙ্গলকামী মূর্তিটিকেই বিবৃত করে।

**ছট্ পূজা বা ছট্ পরব :**

ছট্ পূজা বা ছট্ পরব, চা-জনজাতির একটি বিশিষ্ট পূজা। বরাক উপত্যকার চা-বাগানগুলিতে এমনকি শহরাঞ্চলেও এই পূজা অনুষ্ঠিত হতে দেখা যায়। উত্তর-প্রদেশ বিহার থেকে আগত লোকেরাই মূলত এই পূজা পালন করে থকেন। তবে কামনা বাসনা পূরণের বিশ্বাস থেকে এই পূজা ধীরে ধীরে বিশেষ গুরুত্ব লাভ করেছে। ছট্ পূজা মূলত সূর্য ঠাকুরের পূজা। পরিবারের কল্যাণ কামনায়, সন্তান প্রদত্ত ইত্যাদি বিভিন্ন মঙ্গল কামনায় বাড়ির বউ থেকে ছেলের বউ তারপর নাতবউ এভাবে পরম্পরাগতভাবে পরিবারের নারীরা এই কঠিন ব্রত পালন করে থাকেন। প্রতি বছর কালি পুজোর ছয়দিন পর অর্থাৎ ষষ্ঠিতে এই পূজা অনুষ্ঠিত হয়। চৈত্র মাসেও এ অঞ্চলে ছট্ পূজার প্রচলন রয়েছে। চৈত্রমাসে পালিত এই ছটের নাম 'চৈতি ছট্'। বিভিন্ন ধরণের আচার-সহযোগে উপোস করে এই ব্রত পালন করা হয়। এই ব্রতে নারীর ভূমিকা বিশেষ গুরুত্বের দাবিদার। ছট্ পূজায় গীত হওয়া একটি গানের স্বরূপ হলো -

ডবলা ভরম নারিয়ল আওয়ে
ওহগর পিয়রী ওহার,
ঘটিয়া যো গোবরে লিপইবো
অইহে ছটি মাইয়া আওয়ে হো ....[১৫]

'ছট্' যদি 'সূর্যপূজা' হয় তাহলে 'ছটের' গানে 'ছটি মাইয়া'- কেন? স্বভাবতই প্রশ্নজাগে! এ মা কী যষ্ঠী মা! ভাগ্যের দেবী? তবে মঙ্গল কামনায় একটি পূজা বা ব্রতকে কেন্দ্র করে নারীদের ভূমিকা বিশেষ গুরুত্বের দাবিদার। এক্ষেত্রে নারীদের সংস্কৃতি চর্চা সত্যিই অনবদ্য।

**পিড়িয়া পূজা :**

'পিড়িয়া' চা-জনজাতি সমাজে প্রচলিত একটি ব্রত। এই পূজাটি নারীরা বিশেষত কুমারী মেয়েরা করে থাকে। এই পূজাটি কালি পূজার পর শুক্ল প্রতিপদ থেকে শুরু করে পরের মাসে অমাবস্যার পর শুক্লপক্ষের তৃতীয় দিবসে সমাপ্ত হয়। গ্রাম্য মেয়েরা এই ব্রত তাদের ভাইয়ের মঙ্গল কামনায় করে থাকে। তবে ভাইয়ের মঙ্গল কামনায় শুধু কুমারী মেয়েদেরই অংশ গ্রহণ কেন? এক্ষেত্রে একটি প্রশ্ন স্বভাবতই আমাদের মনে জাগ্রিত হয়। তবে বিষয় বৈচিত্র্যে এবং ব্রত উদ্‌যাপনে বিবিধ নিয়ম পালনে এই পূজাতে নারীদের অবদান ও ভূমিকা সত্যিই উল্লেখযোগ্য। এই পূজোতেও গীতের ভূমিকা প্রধান। একটি পিড়িয়াগানের স্বরূপ হলো -

হামো যদি জানতি গুরুয়া হামারে আয়তানা

আঙ্গানা বিচে চৌওকা পুরায়ে বাখতি।[17]

**করম পূজা :**

করম পূজা চা-জনজাতি লোকায়ত জীবনের সংস্কৃতি চর্চার একটি বিশিষ্ট অঙ্গ। এই পূজা পালন করা হয় ভাদ্র মাসের শুক্লা একাদশীতে তবে এর প্রস্তুতিপর্ব শুরু হয় ভাদ্র মাসের শুক্লা চতুর্থী তিথি থেকে। করম পূজা মূলত কুমারী মেয়েদের পালিত একটি পরব। তবে বিবাহিতা নারীরাও সন্তান প্রাপ্তি কিংবা পরিবারের মঙ্গল কামনায় সমবেত হয়ে অনেক সময় এই পূজায় অংশ গ্রহণ করে থাকেন। করম পূজার প্রাচুর্য শুধু বরাক উপত্যকার চা-জনগোষ্ঠীর মধ্যেই সীমাবদ্ধ নয়, সমগ্র অসমের চা-জনজাতি জীবনে এর বৈচিত্র্যতো লক্ষ্যণীয়। করম পূজার প্রচলন ও জাগজমক বর্ণাঢ্যতা ব্রতই প্রসিদ্ধ অর্জন করেছে যে করম পূজাকে অসমের বর্ণাঢ্যতা ব্রতই প্রসিদ্ধি অর্জন করেছে যে করম পূজাকে অসমের চতুর্থ বিহু বলে আখ্যা দেওয়া হয়ে থাকে। করম পূজাতেও গীতের প্রচলন দেখা যায়। একটি গীতের স্বরূপ হলো -

করম কাটবো রে

করম আনবো রে

বিচে আঙ্গনা ....

ডাল গানে রে।[18]

**টুসু পূজা :**

টুসু পূজা চা-জনজাতি লোক জীবনের একটি বিশিষ্ট সমাজ। টুসু মূলত শস্যদেবী। অগ্রহায়ণ সংক্রান্তিতে 'টুসুপাতা' বা টুসুর প্রতিষ্ঠা হয়। সমগ্র পৌষমাস ব্যাপী সন্ধ্যায় চলে টুসুর বন্দনা। এই উৎসব পালনের প্রধান অধিকারী মূলত নারীরা। বঙ্গদেশ বিহারের ছোট নাগপুর অঞ্চল থেকে যে সমস্ত লোকেরা দলে দলে বিভিন্ন সময়ে বরাক উপত্যকার চা বাগানে শ্রমিক হিসেবে কাজ করার জন্য এসেছিল টুসুগান তাদের সংস্কৃতির একটি উল্লেখযোগ্য চিহ্ন স্বরূপ।[19]

বরাক উপত্যকায় প্রচলিত টুসুগানে চা-বাগানের জীবন গণ্ডির, বিশিষ্টতার পরিচয় পাওয়া যায়। সেরকম একটি টুসুগান হলো -

একপয়সার ই মটর ভাজা

গন্ডিশালে ছড়াবো

ঘাড়ে ধরে সব ছোড়াদের

বাদর নাচা নাচাবো।[20]

চা-শ্রমিকদের জীবন - যন্ত্রণা জর্জরিত। জীবন যুদ্ধ, যন্ত্রণা এবং সীমাবদ্ধ আশার অন্তরঙ্গ ছবিও ফুটে উঠতে দেখা যায় অনেক টুসুগানে। শাস্তি, নির্যাতন ও প্রতারণা চা-শ্রমিকের জীবনের অঙ্গ। সেই বাস্তব চিত্রটিও ফুটে উঠতে দেখা যায় টুসুগানে। গানের সুরে ভেসে উঠে সেই বেদনার চিত্র —



পাঁড়ি তুললাম কিনি কিনি

ফলে ওজন দিয়েছি,

নয়মন পাতি ছয়মন হইল

মনে বেরাজ করেছি।[21]

ঠাট্টা-তামাশা লোকজীবনের একটি বড় অঙ্গ। রঙ্গরসের ব্যবহার অনেক সময় টুসুগানেও দেখা যায়। একটি টুসুগান হলো -

টুসুর চালে লাউ ধরেছে উড়ুলি ঝুঙ্গলি গো -

টুসুর মায়ের নাক্‌টা কেটে বাজানো মুরুলি গো।।[22]

এভাবে টুসুগানে লোকজীবনের বাস্তব চিত্র ও নারীমনের রূপটি সহজেই আমাদের সামনে জীবন্ত হয়ে ধরা দিয়ে যায়। এই সমস্ত সাংস্কৃতিক উপাদানগুলি লালনে নারীদের ভূমিকা সর্বজন স্বীকৃত।

জন্ম-মৃত্যু বিবাহ ইত্যাদিকে ঘিরে চা-জনজাতি সমাজে বিভিন্ন ধরণের আচার-আচরণ পালিত হয়ে থাকে। এগুলিতে স্বকীয়তার ছাপ সহজেই লক্ষ্য করা যায়। এই জনজাতির জীবনে বিভিন্ন আচার সহযোগে এই নীতি নিয়মগুলি পালিত হয়। শিশু-সন্তানের জন্মকে ঘিরে পালিত হয় 'ছটি' (৬দিনে), 'বরহি' (১২ দিনে) ও একুশা (একুশ দিনে)। মঙ্গল আচার সহযোগে চলে বিভিন্ন গীত কখনও বা ঝুমুর। জন্মকে ঘিরে গীত হয় - 'সহরগান'। একটি গানের স্বরূপ হলো -

বাবা লুটাওয়েলা আনাধনা সোনোয়ানা হো -

লালনা মা'ই লুটাওয়ে ধেনু গাইয়া

আওয়াদা পুরে বাধাইনা বাজেলা হো।[23]

ভোজনা, অন্নপ্রাশন বা 'চটোনি' অনুষ্ঠানকে ঘিরে চা-জনজাতি ভোজপুরি ভাষী মুসলিম সম্প্রদায়ের আচারে নারীদের অংশ গ্রহণের দিকটি বিশেষভাবে লক্ষ্য করার মতো। এদের ভোজনা বা 'চটোনি' অনুষ্ঠানে শিশুর মুখে 'বিন্নি' প্রথমে 'দাদি', 'নানি' বা বৌদিরা দিয়ে থাকে। এখানে নারীদের সংস্কৃতিচর্চার রূপটি বহুলভাবে প্রকটিত হতে দেখা যায়। প্রহরগানকে ঘিরে গানের আসর যে নারীদের দ্বারা সমৃদ্ধ একথা আর বলার অপেক্ষা রাখে না।

বিবাহ অনুষ্ঠানেও লোকজীবনে বিভিন্ন আচার-আচরণ পালিত হতে দেখা যায়। 'গাত্রহলুদ', বিবাহ-গীত, স্ত্রী-আচার ইত্যাদি হলো বিবাহ-অনুষ্ঠানে পালিত প্রধান কৃত্য। চা-জনজাতি সমাজ জীবনেও লক্ষিত হয় এরূপ বিভিন্ন আচার-আচরণ এবং শুনা যায় গীতের বাহার। 'তিলক' বা আশির্বাদীর পিড়িতে বসার পর নারীদের কণ্ঠে শুনতে পাওয়া গানটি হলো-

আরে আঙ্গ ভরি .....

আরে আঙ্গ ভরি,

আরে ত্রহি হরজোতনামে লগণ চড়ি (ছেলের ক্ষেত্রে)

আরে এহি পতিতোরণীকে নগণ চড়ি (মেয়ের ক্ষেত্রে)[২৪]

ভোজপুরি ভাষী মুসলিম সম্প্রদায়ের বিয়েতে নারীদের ভূমিকা আচার অনুষ্ঠান পালন একটি মনোরম পরিবেশ সৃষ্টি করে। 'মেহেন্দির গান', 'হলদি লাগানোর গান', 'আশিবর্দি বা চুম্বনের গান', 'পানিভরার গান', ছলগ বা দুলহিনকে পোষাক পিন্ধানীর গান' - এই সমস্ত অনুষ্ঠান পর্বগুলি পালনে নারীদের ভূমিকা সত্যিই অনবদ্য।

বিবাহ অনুষ্ঠানে বিশেষত হলুদ লাগানোর পর্বে নারীদের কণ্ঠ নিসৃত একটি গানের স্বরূপ হলো -

এহি হলদি ভেজে মেরে আল্লা নবিনে
তেলোয়া ভেজে আলিনে
কিয়া খুশিসে শাদি রচে মোরে আল্লা নবিনে
মেহজনায় ভেজে মোরে আল্লা নবিনে -
পগীহা ভেজে মেরে ..... আলিনে।
মেহজতয়া ভেজে মেরে আল্লা নবিনে -
কিয়া খুশি সে শাদি রচে মেরে - আল্লাহ নবিনে।[২৫]

আবার আচরণ বিধি নিয়ম মেনে চা-জনজাতি ভোজপুরি ভাষী মুসলিম সম্প্রদায়ের নারীদের সংস্কৃতি লালনে বিশেষ ভূমিকা ও অবদান নারীর সাংস্কৃতিক অবস্থানের চিহ্নায়ন।

মৃত্যু-জনিত সংস্কার চা-জনজাতীয় জীবনে স্বকীয়তার নৈপুণ্যে ভরপুর। মৃত্যুর পর পালিত হয় 'দশকর্ম'। মৃত ব্যক্তিকে দেবয়া হয় দেবতা হিসেবে বিভিন্ন উপকরণ। শরীরে দেবতার উপস্থিতি অনুভব করে 'দেবতা খেলা' সহযোগে চলে পূজা পাঠ। সতর্কতা পালনে এটি বিচ্যুতির নজরদারীর ক্ষেত্রে নারীরা নেয় মুখ্য ভূমিকা।

**গ্রাম পূজাঃ**

চা-জনজাতি জীবনে বিশেষত গ্রামাঞ্চলে পূজাপাঠ বিশেষ স্থান অধিকার করে আছে। 'গ্রামপূজা' সংস্কৃতি মুখর গ্রামজীবনের চিত্রকে বিধৃত করে। এই পূজাতে পূজিত দেব দেবী বিভিন্ন নামে প্রচলিত এবং বিভিন্ন আচারে ও উপাচারে স্বকীয়তায় ভরপুর। আমাদের স্বীকৃত দেব-দেবী, সূর্য, দুর্গা, শিব ইত্যাদি দেব-দেবীগণ সম্বোধিত হয় পৃথক নামে, যেমন - 'মহোরাণি (দুর্গা), সখা (সূর্য), 'চিহ্বাবা', কঁকিবাব, 'ভৈরব বাবা', মাশ্মান দেব (শ্মশান দেবতা), 'বাগুধবাবা', 'সাতবহনী', 'অগঘর বাবা' ইত্যাদি। এই সমস্ত দেবদেবীর অশরীরী রূপ 'মাটির চিপি'তেই তাঁদের অবস্থিতি আরোপ করা হয়। এই পূজাটি অব্রাহ্মণ্য পূজা। পশুবলি বা জীবহত্যা (মুরগ/মুরগি, শুকর ইত্যাদি) এই পূজার প্রধান দিক। 'দেবতা খেলে অর্থাৎ শরীরে দেব-দেবীর উপস্থিতি বা অবস্থান আরোপ করে 'ভকত' এই পূজা করে থাকেন। তামশিকভাব এই পূজায় লক্ষ্য করা যায়। এই পূজাতেও গানের ব্যবহার হতে দেখা যায় দিক্ বন্দনার মধ্যদিয়ে এবং বিভিন্ন দেবদেবীর পূজার্চনার সময়ে। এই সমস্ত গীত পরিবেশনে নারীদের ভূমিকা বিশেষ গুরুত্বের দাবিদার।



**কজরী গীত :**

গ্রামের সার্বিক মঙ্গলের জন্য অনাবৃষ্টির সময় নারীদের সমবেত হয়ে পরিবেশন করতে দেখা যায় 'কজরী গীত'। চা-জনজাতি নারীদের সংস্কৃতি চর্চার একটি বিশিষ্ট অঙ্গস্বরূপ এই গীতটি গ্রাম অঞ্চলে প্রাপ্ত নারীদের কণ্ঠনিসৃত 'কজরী' গানের স্বরূপটি হলো -

কালি বদরিয়া অমরলা গমরলা
উজারা বদরিয়া বুনোয়া বরবালা
এ'রাম বইরুণীয়া বুনোরা,
বরষলা এরাম বইরুণীয়া লুনোয়া .....
কেকরা ভিজেলা লাটুপাটু বাগিয়া
কে'করা ভিজে শিবৃত্তয়া সিন্দুর - এরাম নহরুণীয়া, বুনোয়া
বরষলা এরাম বইরুণীয়া ....[২৬]

এভাবে পূজাপার্বণে 'ডালিয়া' ওঠানোর ক্ষেত্রেও নারীদের সমবেত রূপে সংস্কৃতির লালন-পালন করতে দেখা যায়।

নারীর স্থান, নারীর অবস্থান, মর্যাদা এগুলি সামাজিক প্রশ্ন। সামাজিক বিচারে, নারীকে নিজের মর্যাদা সচেতন সমাজে ছিনিয়ে নিতে হচ্ছে এবং তা স্বাভাবিকই হওয়া উচিত। কারণ বর্তমান সময়টিই হচ্ছে সংগ্রাম মুখর যেখানে কেউ কাউকে তার যথাযথ মর্যাদা দিতে আগ্রহী নয়। সুবিধা ভোগের ক্ষেত্রে নারী-পুরুষ কোন বিভাজন বর্তমান সমাজে আছে বলে মনে হয় না।

অবস্থান বা জায়গা এসব আবার কী ধরণের কথা? এগুলি চা-জনজাতি সমাজগুলি কি কোনো দিন শুনেছে? নারীর যে জায়গা আছে, স্বতন্ত্রভাবে নারী তার বিচার বুদ্ধি প্রয়োগের জায়গা পাচ্ছে না এধরণের চিন্তা কী - চা-জনজাতি সমাজের নারীরা পোষণ করার মানসিকতা লাভ করেছে? সমগ্র সমাজটিই যেখানে শিক্ষা দীক্ষায় পিছিয়ে, চিন্তা-চেতনায় পিছিয়ে (যদিও এখন কিছুটা বৃত্তিসম দেখা যাচ্ছে) সেখানে এই নারী আলাদা করে কি নিজেদের চিনতে পারে? সচেতন সমাজের কাছে এই সমস্ত নারীরা ঠিক-ঠাক ভাবে যথার্থ মর্যাদা পায়? চা-জনজাতির নারী বৃহত্তর নারী সমাজের একটি টুকরা অংশ এবং এই জনজাতীয় জীবনে পালিত সমস্ত ধরণের সংস্কৃতি চর্চায় এরা মুক্ত ক্ষমতার অধিকারী। পুরুষ প্রধান হওয়া সত্ত্বেও এটি সমাজে যথেষ্ট নারী প্রাধান্য দেখা যায়। অন্তপুরে মেয়েদের ব্রতপার্বণ, উদ্‌যাপন, সংস্কার-আচার, বিশ্বাস ইত্যাদি পালন ও চর্চা এই সমস্ত নারীদের প্রতিপত্তিকেই সূচিত করে।[২৭] সংস্কৃতি চর্চায় এই সমস্ত নারীদের ভূমিকা শীর্ষস্থানীয় - পিঞ্জর মুক্ত পাখির মঙ্গলময়ী, কল্যাণময়ী মূর্তি স্বরূপ। পিঞ্জর মুক্ত পাখি যেমন কিছুটা উদ্দেশ্য প্রণোদিত হয়ে অনেক সময় পেটের আহার, বাচ্চাদের আহার, বা নীর বাধার খড় সংগ্রহ - এ ধরণের। পারিবারিক মঙ্গল কামনায় এগিয়ে চলে। নারীরাও যেন অনেকটা তেমনই ভ্রাতা, স্বামী, পুত্র, পরিবার এ সমস্তের কল্যাণের আশায় সংস্কার যুক্ত মন নিয়ে চির বিরাজমান।

নারী সাংস্কৃতিকভাবে এত সমৃদ্ধ হওয়া সত্ত্বেও সমাজে বিশেষভাবে সম্মানিত যে নয়

তা সত্যিই ভাবনার বিষয়। সংস্কৃতি পালনে বিশেষ ভূমিকা পালন করেও কেন অবহেলিত? এধরনের লাঞ্ছনা থেকে বেড়িয়ে আসতে - প্রয়োজন তাই বিপ্লবের। ক্ষয়িষ্ণু সমাজে সংস্কৃতির লালন পালনের মধ্য দিয়ে অতীত গৌরব তথা 'Social Integration' বজায় রাখার জন্য আজকের দিনে তাই সংগ্রহের প্রয়োজন। প্রয়োজন সংস্কৃতি লালনকারী নারীদের যথার্থ মর্যাদা দান ও সহযোগিতা করা। সমগ্র চা-জনজাতি সমাজটিই সেখানে পিছিয়ে পড়া সমাজ সেখানে নারীদের কথা আলাদা করে বলার আর অপেক্ষা রাখে না। তবে সংস্কৃতি লালনে ও চর্চায় এই নারীরা যে শীর্ষস্থানীয় একথা অবশ্যই স্বীকার্য।

**তথ্যসূত্র :**


১) ড. তপোধীর ভট্টাচার্য - প্রবন্ধ 'নারীচেতনাবাদ', গ্রন্থ - 'প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব', অমৃতলোক সাহিত্য পরিষদ, কলকাতা, প্রকাশক - সমীরণ মজুমদার, জানুয়ারি, ১৯৯৭, কলকাতা - বইমেলা, পৃ: ১১৭

২) জবা রিকিয়াসন, বয়স-৪৩, স্বামী শ্রীমন্ত রিকিয়াসন, বাগবাহার চা-বাগান, কাছাড়, সংগ্রহের তারিখ - ২১/১১/২০১২ ইং

৩) মোছাম্মাৎ রীনা বেগম, বয়স - ৪৭, স্বামী - মো: খালেক উদ্দিন, বাগবাহার চা-বাগান, কাছাড়, সংগ্রহের তারিখ - ১৫/০৩/২০১৯ ইং

৪) পূর্বোক্ত

৫) মীনা রিকিয়াসন, বয়স - ৫৮, স্বামী - স্বর্গীয় রামলোচন রিকিয়াসন, বাগবাহার চা-বাগান, কাছাড়, আসাম সংগ্রহের তারিখ - ২২/০৪/২০১২ ইং

৬) পূর্ণিমা আকুড়া, বয়স - ৫৩, স্বামী - কানাই আকুড়া, বাগবাহার চা-বাগান, কাছাড়, সংগ্রহের তারিখ - ১৭/০৪/২০১২ ইং

৭) ড. জীবেশ নায়ক - 'লোকসংস্কৃতি বিদ্যা ও লোকসাহিত্য', বঙ্গীয়-সাহিত্য সংসদ, কলকাতা, প্রকাশক - দেবাশিষ ভট্টাচার্য, প্রথম প্রকাশ - বইমেলা, ২০১০ ইং, পৃ: ১২৫

৮) ড. মযহারুল ইসলাম — 'ফোকলোর পরিচিতি ও লোক-সাহিত্যের পঠন পাঠন পৃ: ৪০১, উদ্ধৃত - পূর্বোক্ত, পৃ: ১২৫

৯) কাজল রিকিয়াসন, বয়স - ৪৪, স্বামী - মিঠাইলাল রিকিয়াসন, বাগবাহার চা-বাগান, কাছাড়, আসাম, সংগ্রহের তারিখ - ০৫/০৯/২০১৩ ইং

১০) প্রচলিত, পূর্বোক্ত

১১) মানস মজুমদার - 'লোকসাহিত্য পাঠ', দে'জ পাবলিশিং, কলকাতা, প্রকাশক - সুভাষ চন্দ্র দে, অগ্রহায়ণ,১৪০৬ বাংলা, নভেম্বর ১৯৯৯ ইং, পৃ: ৩০

১২) রবিলাল ভক্তা, বয়স - ১, পিতা - হরিয়া ভক্তা, সিতিকোণা, বাগবাহার বস্তি, কাছাড়, আসাম, সংগ্রহের তারিখ - ১৪/০৩/২০১১ ইং





১৩) ড০ শীলা বসাক - প্রবন্ধ - 'ব্রত: নারীর ভূমিকা', গ্রন্থ - 'বাংলার ব্রতপার্বণ' পুস্তক বিপনি, কলকাতা, প্রকাশক-অনুপকুমার মাহিন্দার, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারি ২০০০ ইং, পৃ: ১২৩

১৪) মালতি রিকিয়াসন, বয়স - ৪১, স্বামী - সুমায়ু রিকিয়াসন, বাগবাহার চা-বাগান, কাছাড়, আসাম, সংগ্রহের তারিখ - ০৫/০৭/২০০২ ইং

১৫) ঊর্মিলা কানু, বয়স - ৪৭, স্বামী - বাবুল নারায়ণ কানু, ট্রাঙ্ক রোড, শিলচর, কাছাড়, আসাম, সংগ্রহের তারিখ -০৭/০৪/২০১২ ইং

১৬) মালতি রিকিয়াসন, - পূর্বোক্ত, সংগ্রহের তারিখ - ০৫/০৭/২০১২

১৭) নিবেদিতা তাঁতী - প্রবন্ধ - 'চাহ-জনগোষ্ঠীর উৎসব করম পরব' (একটি অসমীয়া স্মরণিকা) - 'চাহ-জনজাতির সাংস্কৃতিক সমারোহ' - গুয়াহাটী, সম্পাদক - অনন্ত তাঁতি, নভেম্বর, ১৯৯৪ ইং, পৃ: ১৩

১৮) বিজয় কালিন্দী, বয়স - ৩৭, পিতা - কলেবর কালিন্দী, বাগবাহার চা-বাগান, কাছাড়, আসাম, সংগ্রহের তারিখ - ১২/০৯/২০১১ ইং

১৯) জহরকান্তি সেন - প্রবন্ধ 'বরাক উপত্যকার টুসুগান' - সাময়িক প্রসঙ্গ, শিলচর (দৈনিক সংবাদপত্র), ১৫ জানুয়ারি, ২০১২ ইং, পৃ: ৪

২০) নমিতা বাগ্দী, বয়স - ৪৯, স্বামী - কানাই বাগদী, বাগবাহার চা-বাগান, কাছাড়, সংগ্রহের তারিখ - ১৬/০৩/২০১১ ইং

২১) পূর্বোক্ত

২২) পূর্বোক্ত

২৩) জ্যোত্তিয়া রিকিয়াসন, বয়স - ৬৬, স্বামী - স্বর্গীয় মংরু রিকিয়াসন, বাগবাহার চা-বাগান, কাছাড়, সংগ্রহের তারিখ - ০৯/০৪/২০১২ ইং

২৪) পূর্বোক্ত

২৫) মোছাম্মাৎ রীনাকোম, পূর্বোক্ত; সংগ্রহের তারিখ - ১৫/০৩/২০১১ ইং

২৬) মীরা রিকিয়াসন, পূর্বোক্ত

২৭) ড. শীলা বসাক - তদেব, পৃ: ১২৪